খালেদা জিয়ার প্রথম মৃত্যুবার্ষিকীতে নাগরিক স্মরণসভা



বেগম খালেদা জিয়া। ছবি: সংগৃহীত

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আগামী ২৮ ডিসেম্বর রাজধানীর জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় নাগরিক স্মরণসভার আয়োজন করা হচ্ছে।

শুক্রবার (১৩ নভেম্বর) অধ্যাপক ড. মাহবুব উল্লাহ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। দলমত নির্বিশেষে আয়োজিত এ সভায় রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, খালেদা জিয়ার পরিবারের সদস্যসহ বিশিষ্ট রাজনীতিক, শিক্ষাবিদ, সাংবাদিক ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষকে আমন্ত্রণ জানানোর পরিকল্পনা রয়েছে।

এ উপলক্ষে খালেদা জিয়ার জীবন, রাজনৈতিক দর্শন, নেতৃত্ব ও জাতীয় অবদান নিয়ে একটি স্মারকগ্রন্থ প্রকাশ করা হবে। এতে লেখার জন্য রাজনীতিক, গবেষক, সাংবাদিক, শিক্ষাবিদসহ সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছ থেকে মৌলিক ও বিশ্লেষণধর্মী লেখা আহ্বান করা হয়েছে।

লেখার বিষয় হিসেবে গণতান্ত্রিক আন্দোলন, পররাষ্ট্রনীতি, নারীশিক্ষা, সংসদীয় রাজনীতি, অর্থনৈতিক দর্শন, নির্বাচন, সংবাদপত্রের স্বাধীনতা ও ব্যক্তিগত স্মৃতিচারণসহ বিভিন্ন বিষয় রাখা হয়েছে। লেখা ১২০০ থেকে ১৫০০ শব্দের মধ্যে হতে হবে। আগামী ৩০ নভেম্বরের মধ্যে nagorikshoronshova@gmail.com ঠিকানায় লেখা পাঠাতে হবে। সম্পাদকীয় বিবেচনায় নির্বাচিত লেখাগুলোই স্মারকগ্রন্থে প্রকাশ করা হবে।

পাশাপাশি খালেদা জিয়ার রাজনৈতিক জীবন, সংগ্রাম, নেতৃত্ব ও অর্জন নিয়ে একটি প্রামাণ্য ভিডিওচিত্র তৈরির উদ্যোগ নেওয়া হয়েছে। স্মারকগ্রন্থ ও প্রামাণ্যচিত্রের মাধ্যমে তার জীবন, রাজনৈতিক উত্তরাধিকার এবং দেশের ইতিহাসে অবদান তুলে ধরতে চান আয়োজকেরা।